# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫৯৮]

৪৬। সদ্ব্যবহার, আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (كتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ২৪. চতুষ্পদ প্রাণী ইত্যাদিকে অভিশাপ করা থেকে বিরত থাকা

باب النَّهْىِ عَنْ لَعْنِ الدَّوَابِّ، وَغَيْرِهَا،

আরবী

حَدَّثَنِي سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنِي حَفْصُ بْنُ مَيْسَرَةَ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، أَنَّ عَبْدَ الْمَلِكِ، بْنَ مَرْوَانَ بَعَثَ إِلَى أُمِّ الدَّرْدَاءِ بِأَنْجَادٍ مِنْ عِنْدِهِ فَلَمَّا أَنْ كَانَ ذَاتَ لَيْلَةٍ قَامَ عَبْدُ الْمَلِكِ مِنَ اللَّيْلِ فَدَعَا خَادِمَهُ فَكَأَنَّهُ أَبْطَأَ عَلَيْهِ فَلَعَنَهُ فَلَمَّا أَصْبَحَ قَالَتْ لَهُ أُمُّ الدَّرْدَاءِ سَمِعْتُكَ اللَّيْلَةَ لَعَنْتَ خَادِمَكَ حِينَ دَعَوْتَهُ ‏.‏ فَقَالَتْ سَمِعْتُ أَبَا الدَّرْدَاءِ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ‏"‏ لاَ يَكُونُ اللَّعَّانُونَ شُفَعَاءَ وَلاَ شُهَدَاءَ يَوْمَ الْقِيَامَةِ ‏"‏ ‏.‏

বাংলা

৬৫০৪-(৮৫/২৫৯৮) সুওয়াইদ ইবনু সাঈদ (রহঃ) ..... যায়দ ইবনু আসলাম (রহঃ) থেকে বর্ণিত যে, আবদুল মালিক ইবনু মারওয়ান উম্মু দারদাহ (রাযিঃ) এর নিকট তার নিজের পক্ষ থেকে সৌন্দর্য বর্ধক কিছু গৃহ সামগ্রী পাঠালেন। এক রাতে আবদুল মালিক নিদ্রা থেকে জেগে তার খাদিমকে ডাকলেন। সে তার নিকট আসতে দেরী করলে তিনি তাকে অভিসম্পাত করলেন। রাত্রি শেষে উম্মু দারদাহ (রাযিঃ) তাকে বললেন, আমি শুনলাম যখন আপনি রাতে আপনার খাদিমকে ডেকেছিলেন তখন তাকে লা’নাত করেছেন। অতঃপর তিনি বললেন, আমি আবু দারদাহ (রাযিঃ) কে বলতে শুনেছি যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অভিসম্পাতকারীরা কিয়ামত দিবসে সুপারিশকারী কিংবা সাক্ষ্যদাতা হতে পারবে না। (ইসলামিক ফাউন্ডেশন ৬৩৭৩, ইসলামিক সেন্টার ৬৪২৪)

## English

Zaid b. Aslam reported that 'Abd al-Malik b. Marwan sent some domestic goods for decoration to Umm Darda' on his own behalf, and when it was night 'Abd al-Malik got up and called for the servant. It seemed as if he (the servant) was late (in responding to his call), so he ('Abd al-Malik) invoked curse upon him, and when it was morning Umm Darda' said to him:
I heard you cursing your servant during the night when you called him, and

she said: I heard Abu Darda' as saying that Allah's Messenger (ﷺ) said: The invoker of curse would neither be intercessor nor witness on the Day of Resurrection.

## হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির ব্যাখ্যার বিবরণে কতকগুলি উক্তি রয়েছে, তার মধ্যে থেকে এখানে কয়েকটি উক্তি পেশ করা হলো:

ক। অতি অভিসম্পাতকারীরা এই দুনিয়াতে সাক্ষ্যপ্রদানকারী হতে পারবে না; কেননা তাদের সাক্ষ্য ইসলামী আদালতে গ্রহণযোগ্য হবে না; তাদের পাপ ও দুর্ব্যবহারের কারণে।

খ। তারা (অতি অভিসম্পাতকারীরা) আল্লাহর পথে পবিত্র জেহাদে শহীদ হওয়ার সুযোগ পাবে না।

গ। তারা (অতি অভিসম্পাতকারীরা) কিয়ামতের দিবসে ওই সময় সুপারিশকারী হতে পারবে না, যে সময় ঈমানদার মুসলিমগণ অন্য ওই সকল মুসলিমগণকে জাহান্নামের আগুন থেকে বের করার জন্য সুপারিশ করবে, যে সমস্ত মুসলিমগণ জাহান্নামের আগুনে প্রবেশ করবে।

২। এই হাদীসটি অতি অভিসম্পাত করা হতে কঠোরতার সহিত সতর্ক করা হয়েছে; কেননা অতি অভিসম্পাত করার বিষয়টি  সচ্চরিত্র এবং সুনীতির  অনুকূলে পড়ছে না।

৩। ইসলাম একটি সৎকর্ম ও আল্লাহর আনুগত্যের কাজে সহযোগিতা এবং পরস্পর সহানুভূতিশীল হওয়ার ধর্ম, অভিসম্পাত এবং গালিগালাজ করার ধর্ম নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আসলাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=53602

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন